গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা- ০৩ (প্রশাসন)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭

**স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১২.১১.০১৭.১৯- ৮১**

**তারিখঃ ০১ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ**
**১৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ**

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ০৪ (চার) টি ইঞ্জিনিয়ারিং (সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর/বরিশাল) কলেজের শূন্য পদে অস্থায়ী রাজস্বখাতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে উল্লিখিত পদের বিপরীতে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র নং | পদের নাম ও বেতনক্রম (জাতীয় বেতনস্কেল-২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | এ্যাসিসটেন্ট লাইব্রেরিয়ান<br>১১,০০০-২৬,৫৯০/-<br>গ্রেড-১৩ | ০৪ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরী সায়েন্সে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরী সায়েন্সে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে ডিপ্লোমাসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | সকল জেলা |
| ২. | প্রধান সহকারী<br>১১,০০০-২৬,৫৯০/-<br>গ্রেড-১৩ | ০৪টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক অথবা সমমানের ডিগ্রিসহ দাপ্তরিক কাজে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | সকল জেলা |
| ৩. | হিসাব রক্ষক<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | ০৪ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে বাণিজ্যে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | সকল জেলা |
| ৪. | স্টোর কিপার<br>৯০০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | ০৪ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | সকল জেলা |
| ৫. | ক্যাশিয়ার<br>৯৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | ০৩ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক অথবা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা। | সকল জেলা |
| ৬. | ইলেকট্রিশিয়ান<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ০৪ টি | কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেড এ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>অথবা<br>কারিগরি শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা<br>অথবা<br>কারিগরি শিক্ষা বোর্ড এর অনুমোদিত প্রতিষ্ঠান হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ট্রেড এ ০২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ (জাতীয় দক্ষতামান ২ ও ৩)। | সকল জেলা |
| ৭. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ০৬ টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি হবে- বাংলায় প্রতি মিনিটে ২০টি শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ২০টি শব্দ। | সকল জেলা |
| ৮. | ক্যাটালগার<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ০৩ টি | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ লাইব্রেরী সায়েন্স এ সার্টিফিকেট কোর্স সম্পন্ন এবং কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | সকল জেলা |

| ক্র নং | পদের নাম ও বেতনক্রম (জাতীয় বেতনস্কেল-২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ৯. | পিএবিএক্স অপারেটর<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ০৩ টি | কারিগরি শিক্ষা বোর্ড হতে রেডিও এন্ড টিভি বা টেলিকমিউনিকেশন ট্রেড এ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) পরীক্ষায় উত্তীর্ণ<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে রেডিও এন্ড টিভি বা টেলিকমিউনিকেশন ট্রেড এ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুমোদিত প্রতিষ্ঠান হতে রেডিও এন্ড টিভি বা টেলিকমিউনিকেশন ট্রেড এ ০২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড কোর্স সার্টিফিকেট (জাতীয় দক্ষতামান ২ ও ৩) পরীক্ষায় উত্তীর্ণ। | সকল জেলা |
| ১০. | ওয়ার্কশপ এ্যাটেনড্যান্ট<br>৯০০০-২১৮০০/-<br>গ্রেড-১৭<br>সিভিল- ০২<br>ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স- ০২<br>কম্পিউটার সায়েন্স- ০২ | ০৬টি | (ক) কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেড এ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>অথবা<br>সংশ্লিষ্ট বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেড এ ০২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট (জাতীয় দক্ষতামান ২ ও ৩) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | সকল জেলা |
| ১১. | ওয়ার্কশপ এ্যাসিসট্যান্ট (প্রকৌশল)<br>৯০০০-২১৮০০/-<br>গ্রেড-১৭<br>সিভিল- ০৫<br>ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স- ০৫<br>কম্পিউটার সায়েন্স- ০৪<br>মেকানিক্যাল- ০১<br>নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন- ০১ | ১৬টি | (ক) কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেড এ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>অথবা<br>মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেড এ ০২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট (জাতীয় দক্ষতামান ২ ও ৩) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | সকল জেলা |
| ১২. | ল্যাব এ্যাটেনড্যান্ট<br>৯০০০-২১৮০০/-<br>গ্রেড-১৭ | ০২ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ০১ (এক) বৎসরের চাকুরির অভিজ্ঞতা;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | সকল জেলা |
| ১৩. | ল্যাব এ্যাসিসট্যান্ট (পদার্থ ও রসায়ন)<br>৯০০০-২১৮০০/-<br>গ্রেড-১৭<br>পদার্থ-৩<br>রসায়ন-৩ | ০৬ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ০১ (এক) বৎসরের চাকুরির অভিজ্ঞতা;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | সকল জেলা |
| ১৪. | ক্যাশ সরকার<br>৮৮০০-২১৩১০/-<br>গ্রেড-১৮ | ০২ টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সকল জেলা |
| ১৫. | মেসেঞ্জার পিওন (বার্তাবাহক)<br>৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০ | ০৩ টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সকল জেলা |
| ১৬. | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০ | ০৬ টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সকল জেলা |
| | সর্বমোট | **৭৬টি** | | |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণ করতে হবেঃ-**

১। অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান পদ্ধতিঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dteeng.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদন পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান **শুরুর তারিখ: ১৫/০২/২০২১, সকাল ১০:০০** মিনিট।

Online-এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের **শেষ তারিখ: ১৬/০৩/২০২১, বিকাল ০৫:০০ মিনিট।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য আবেদন প্রতি ক্রমিক নং-১ থেকে ১৩ পর্যন্ত ১০০/- টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক নং-১৪ থেকে ১৬ পর্যন্ত ৫০/- টাকা; টেলিটকের সার্ভিস চার্জ ০৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম **SMS**: DTEENG<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: DTEENG ABCDEF

Reply: Applicant's Name, Tk. 112/56 will be charged as application fee, Your PIN is xxxxxxx.

To pay fee Type DTEENG<space>YES<space>PIN and Send to 16222.

দ্বিতীয় **SMS**: DTEENG<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: DTEENG YES

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for Directorate of Technical Education Recruitment Application for xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dteeng.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে।

Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে DTEENG <space>Help<space>User<space>User ID & send to 16222

Example: DTEENG Help User ABCDEF& send to 16222

ii. PIN Number জানা থাকলে DTEENG<space>Help<space>PIN<space>PIN No & send to 16222

Example: DTEENG Help PIN 1234567 & send to 16222

ঝ. "কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ০৪ (চার) টি ইঞ্জিনিয়ারিং (সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর/বরিশাল) কলেজের শূন্য পদে অস্থায়ী রাজস্বখাতে সরাসরি নিয়োগ" এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://dteeng.teletalk.com.bd এ পাওয়া যাবে।

২। সকল পদে ২৫/০৩/২০২০ খ্রি: তারিখে বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। প্রার্থী নির্বাচনে প্রচলিত জেলা কোটা ও অন্যান্য কোটাসহ সরকারি সর্বশেষ বিধিবিধান অনুসরণ করা হবে।

৫। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা কম/বেশী হতে পারে, যা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

৬। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ-

(ক) প্রবেশ পত্রসহ সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(খ) পূরণকৃত Application Form (Applicant's Copy), সকল সনদপত্রের ফটোকপি ও ০২ (দুই) কপি ছবিসহ দুই সেট দাখিল করতে হবে;

(গ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে;

(ঘ) আবেদকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর/পৌর মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সদনের ফটোকপি দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্কের বিষয়টি সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করতে হবে।

(ঙ) এতিম, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে।

(চ) সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র/ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

৭। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ প্রদান করা হবে না।

৮। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯। অনাকাঙ্খিত ভুল-ভ্রান্তি সংশোধনযোগ্য এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য www.techedu.gov.bd তে পাওয়া যাবে এবং লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তথ্য প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

১১। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৪/২/২০২১

(মো: মাহমুদুল হক)
যুগ্ম সচিব ও পরিচালক (পিআইডব্লিউ)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটি
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা- ১২০৭।